

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/১২১৮

তারিখঃ ২৭/০৪/২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

৬০৩ তম কমিশন সভা অদ্য ২৭/০৪/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১. কমিশন অদ্যকার সভায় বে-মেয়াদী IDLC Balanced Fund এর খসড়া প্রসপেক্টাস এর অনুমোদন প্রদান করেছে। মিউচুয়াল ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৫০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১০ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৪০ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। এ বে-মেয়াদী ফান্ডটি নিয়মিত বিনিয়োগ পরিকল্পনার (Systematic Investment Plan) আওতায় বিনিয়োগকারীদের নিকট ইউনিট বিক্রয় করিতে পারিবে। ফান্ডটির উদ্যোক্তা IDLC Finance Limited। ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক হিসেবে কাজ করছে IDLC Asset Management Limited এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করছে Investment Corporation of Bangladesh.
২. Standard Bank Limited (Issuer) এর ৪০০ কোটি টাকার Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র বাণিজ্যিক ব্যাংক, নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, কর্পোরেট হাউজ এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারীগণ প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, Standard Bank Limited এই বন্ড প্রাইভেট প্রেসমেন্টে ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Tire II Capital Base Strengthen এর শর্ত পূরণ করবে। উক্ত বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Mandated Lead Arranger হিসেবে IDLC Finance Limited এবং Trustee হিসাবে IDLC Investment Ltd. কাজ করছে।
৩. Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 এর সংশোধন প্রস্তাব কিছু পরিবর্তন সাপেক্ষে অনুমোদিত হয়, যা জনমত জরিপের জন্য শীঘ্রই দৈনিক পত্রিকা ও কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। এই সংশোধনীর উল্লেখযোগ্য বিষয়বস্তু (main features) নিম্নরূপঃ
 - (ক) স্পন্সর, ডাইরেক্টর এবং ১০% এর অধিক শেয়ার হোল্ডারদের ক্ষেত্রে ৩ বছর লক-ইন এবং অন্যান্য শেয়ারহোল্ডারদের ধারণকৃত শেয়ারের উপর ১ বছর লক-ইন প্রযোজ্য হবে।
 - (খ) Fixed Price Method এ ন্যূনতম বিদ্যমান পরিশোধিত মূলধন ১৫ কোটি এবং ইস্যুর পরিমাণ ৩০ কোটি টাকা হতে হবে।
 - (গ) Book Building Method এর জন্য প্রস্তাবিত পরিবর্তনগুলো নিম্নরূপঃ
 - (i) Book Building Method এ ন্যূনতম বিদ্যমান পরিশোধিত মূলধন ৩০ কোটি এবং ইস্যুর পরিমাণ ৫০ কোটি টাকা হতে হবে।
 - (ii) একজন Eligible Investor তাদের কোটার সর্বোচ্চ ২% পরিমাণ সিকিউরিটিজ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবে।
 - (iii) সকল আবেদনকারী Eligible Investor আবেদনের পরিমাণের ভিত্তিতে আনুপাতিক হারে সিকিউরিটিজ বরাদ্দ পাবে।


২৭/০৪/২০১৭
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।